Department of Education
Chancellor David C. Banks

14 এপ্রিল, 2022

প্রিয় পরিবারবর্গ,

কোভিড-19 (COVID-19) মহামারী চলাকালে, আমাদের স্কুলসমূহ খোলা রাখতে এবং ছেলেমেয়েদের জন্য সবচেয়ে নিরাপদ স্থানসমূহের অন্যতম হিসেবে বজায় রাখতে, আমাদের "নিরাপদে থাকুন, সবকিছু চালু রাখুন" (স্টে সাইফ, স্টে ওপেন) পরিকল্পনাটি সফল হয়েছে, এমনকি আমরা K-12 গ্রেডের শিক্ষার্থীদের মাস্ক পরিধানের বাধ্যবাধকতা তুলে নেয়ার পরেও। বসন্তকালীন (স্প্রিং-এর) অবকাশের পর আমাদের স্কুল কমিউনিটিকে নিরাপদ রাখতে, আমরা সকল শিক্ষার্থীদের, তাদের টিকা বা ভ্যাকসিন গ্রহণের স্ট্যাটাস (অবস্থা) যাই হোক না কেন, 25 এপ্রিল স্কুলে ফিরে আসার আগে কোভিড-19 (COVID-19)-এর পরীক্ষা বা টেস্ট করতে জোর উৎসাহ দিচ্ছি। আপনার সন্তান PCR, ল্যাব-ভিত্তিক টেস্ট, কিংবা একটি হোম টেস্ট (বাড়িতে গৃহীত পরীক্ষার সরঞ্জাম)-এর মাধ্যমে পরীক্ষা করতে পারে। আপনার সন্তানকে চারটি কোভিড-19 (COVID-19) হোম টেস্ট দেয়া হয়েছিল; দুইটি আপনার সন্তানের জন্য এবং দুইটি পরিবারের এক সদস্যের জন্য।

আপনার বা আপনার পরিবারের কারও টেস্ট-এর ফলাফল যদি পজিটিভ আসে, আমরা অত্যন্ত আনন্দের সাথে জানাচ্ছি যে 12 বছর ও অধিকতর বয়সী যাদের পজিটিভ এসেছে তাদের জন্য ভাইরাস বিরোধী (অ্যান্টাই-ভাইরাল) ঔষধ সহ কার্যকর কোভিড-19 (COVID-19) চিকিৎসা পাওয়া যাচ্ছে। আপনি এসব ঔষধ আপনার ডাক্তার ও স্বাস্থ্যসেবা প্রদানকারীর কাছ থেকে পেতে পারেন, অথবা আপনি 212-COVID19 নম্বরে ফোন করে একজন চিকিৎসা পেশাদারের সাথে চিকিৎসার বিকল্পসমূহ নিয়ে আলোচনা করতে পারেন। লক্ষণসমূহ দেখা দেওয়ার পর যত দ্রুত সম্ভব চিকিৎসা শুরু করলে তা ভালো কাজ করে এবং সেটা লক্ষণ হ্রাস করতে ও হাসপাতালে ভর্তি হওয়া এড়াতে সহায়তা করে। আরও তথ্যের জন্য অনুগ্রহ করে https://www1.nyc.gov/assets/doh/downloads/pdf/covid/treatments-available.pdf দেখুন (অনুগ্রহ করে লক্ষ্য করবেন যে, এই তৃতীয়-পক্ষ থেকে প্রাপ্ত তথ্য-উপকরণের অনুবাদ নাও থাকতে পারে)। *

কখন আমার সন্তানের হোম টেস্ট (বাড়িতে পরীক্ষা) করা উচিত?

- শনিবার, 23 এপ্রিল সন্ধ্যায় যে কোভিড হোম টেস্ট (বাড়িতে পরীক্ষা) প্রদান করা হয়েছে, সেগুলোর একটি ব্যবহার করতে অনুগ্রহ করে আপনার সন্তানকে সহায়তা করুন।
- তার 24 ঘণ্টা পর, রবিবার, 24 এপ্রিল সন্ধ্যায়, আপনার সন্তানকে দ্বিতীয় হোম টেস্ট (বাড়িতে পরীক্ষা) নিতে সহায়তা করুন।
- যদি উভয় পরীক্ষায় আপনার সন্তানের ফলাফল নেগেটিভ আসে এবং সে সুস্থ বোধ করে, তবে তার সোমবার, 25 এপ্রিল স্কুলে আসা উচিত।
- অনুগ্রহ করে লক্ষ্য করবেন যে, যদি আপনার সন্তান বিগত 90 দিনের মধ্যে কোভিড-19 (COVID-19)-এর নিশ্চিত সংক্রমণ থেকে সুস্থ হয়ে থাকে, তবে তার কোনো টেস্ট (পরীক্ষা) করার প্রয়োজন নেই এবং শুধুমাত্র সুস্থ বোধ করলেই সোমবার, 25 এপ্রিল তার স্কুলে অংশগ্রহণ করা উচিত।

যদি আপনার সন্তানের একটি টেস্টের ফলাফল পজিটিভ আসে তবে আমি কী করবো?

- কিন্ডারগার্টেন এবং এরচেয়ে বেশি বয়সী: অনুগ্রহ করে আপনার স্কুলকে জানিয়ে দিন এবং আপনার সন্তানকে পাঁচ দিনের জন্য বাড়িতে আলাদা (আইসোলেশন) রাখুন। যদি কোনো লক্ষণ না থাকে বা লক্ষণসমূহে উন্নতি হতে থাকে (এর অন্তর্ভুক্ত আছে ওষুধ সেবন ছাড়া 24 ঘণ্টা জ্বরমুক্ত থাকা), তাহলে আপনার সন্তান ষষ্ঠ দিন স্কুলে ফিরে আসতে পারে। আপনার সন্তানের পজিটিভ ফলাফল আসার পর থেকে 10 দিন পর্যন্ত অবশ্যই যথাযথ ফিট হয়, এমন মাস্ক পরতে হবে।

- প্রি-K এবং এরচেয়ে কম বয়সী: অনুগ্রহ করে আপনার স্কুল/প্রোগ্রামকে জানিয়ে দিন এবং আপনার সন্তানকে দশ দিনের জন্য বাড়িতে আলাদা (আইসোলেশন) রাখুন। আপনার সন্তান দশম দিন পর আপনার স্কুলে/প্রোগ্রামে ফিরে আসতে পারে।
- সকল বয়সীর জন্য:
  - অনুগ্রহ করে স্মরণ রাখবেন যে যদি আপনার সন্তানের টেস্ট বা পরীক্ষার ফলাফল পজিটিভ আসে, তবে আলাদা (আইসোলেশন) থাকাকালীন সময় আপনার সন্তানের অযুগপৎ (অ্যাসিঙ্ক্রোনাস) দূর থেকে (রিমোট) শিক্ষা-নির্দেশনা পাবার এবং কার্য সময়ে (অফিস আওয়ারে) যোগাযোগ করার অধিকার আছে।
  - যদি আপনার সন্তানের টেস্ট বা পরীক্ষার ফলাফল পজিটিভ আসে তবে যেসব বাড়তি তথ্য পাওয়া যাবে, সেগুলোর জন্য অনুগ্রহ করে schools.nyc.gov/2022Health -সাইটে অবস্থিত, আমাদের কোভিড-19 (COVID-19) বিষয়ে নির্দেশনার চার্টসমূহ দেখুন।

টেস্ট কিট সংক্রান্ত নির্দেশনা আমি কোথায় পেতে পারি?

- টেস্ট কিটগুলোতে নির্দেশনা মুদ্রিত থাকে, যেগুলো পরীক্ষা বা টেস্ট করার সময় আপনার অনুসরণ করা উচিত। এছাড়াও আপনার টেস্ট কিটটি কীভাবে ব্যবহার করতে হবে, সেবিষয়ে আপনি বহুবিধ ভাষায় ভিডিও schools.nyc.gov/HomeRapidTestKits -সাইটে দেখতে পারেন।

আমাদের স্কুলগুলোতে কোভিড-19 (COVID-19) সংক্রমণ রোধে আপনার অংশটুকু করার জন্য ধন্যবাদ! ছুটির পর আপনার সন্তান যখন স্কুলে ফিরে আসবে, তখন সে যেন প্রতিদিন দৈনিক সুস্থতা যাচাইকরণ (হেলথ্ স্ক্রিনিং) পূরণ করছে, অনুগ্রহ করে তা নিশ্চিত করুন, যা healthscreening.schools.nyc -এ পাওয়া যাবে।

স্মরণ করিয়ে দিচ্ছি, কোভিড-19 (COVID-19) রোধে এবং আমাদের স্কুলগুলোকে আমাদের সকল শিক্ষার্থীর জন্য নিরাপদ রাখার সবচেয়ে গুরুত্বপূর্ণ হাতিয়ার হলো টিকাগ্রহণ বা ভ্যাকসিনেশন। 5 এবং এরচেয়ে বেশি বয়সী ছেলেমেয়েরা কোভিড-19 (COVID-19) টিকা বা ভ্যাকসিন দেয়ার যোগ্য। যদি আপনার সন্তান কোভিড-19 (COVID-19) টিকা বা ভ্যাকসিন দেয়ার যোগ্য হয়ে থাকে কিন্তু এখনও টিকা বা ভ্যাকসিন গ্রহণ করেনি, তবে অনুগ্রহ করে বসন্তকালীন (স্প্রিং-এর) ছুটিতে এই vaccinefinder.nyc.gov -সাইটে অথবা 311 নম্বরে ফোন করে আপনার নিকটবর্তী টিকাকেন্দ্রে (ভ্যাকসিন সাইটে) একটি অ্যাপয়েন্টমেন্ট করুন। অভিবাসন অথবা স্বাস্থ্য বিমার অবস্থা বা স্ট্যাটাস যাই হোক না কেন, সকল নিউ ইয়র্কবাসীকে এই টিকা বা ভ্যাকসিনটি বিনামূল্যে দেয়া হবে।

পুরোপুরি ভ্যাকসিন বা টিকা প্রাপ্ত 12 এবং এরচেয়ে বেশি বয়সী, যারা কমপক্ষে পাঁচ মাসে আগে দুই ডোজ-এর ভ্যাকসিনের দ্বিতীয় ডোজ গ্রহণ করেছেন, তাদের জন্য এখন ভ্যাকসিন বুস্টার শট পাওয়া যাচ্ছে। বুস্টার শট সম্পর্কে আরও তথ্যের জন্য www1.nyc.gov/site/doh/covid/covid-19vaccines.page#boost দেখুন।

আপনি ও আপনার সন্তানের জন্য একটি আনন্দময় ও বিশ্রামপূর্ণ অবকাশ কামনা করছি।

Dr. Cristina Meléndez

ড. ক্রিস্টিনা মেলেন্দেজ (Cristina Meléndez)
এক্সিকিউটিভ ডিরেক্টর
ফ্যামিলি অ্যান্ড কমিউনিটি এনগেজমেন্ট